



২০১৫-২০১৬ অর্থ বৎসরের বাজেট

উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ধারা ৩৮ অনুযায়ী বেতাগী উপজেলা পরিষদের ২০১৫-২০১৬ অর্থ বৎসরের বাজেট প্রনয়ণ করা হয়। প্রণীত উক্ত বাজেটের উপর জনসাধারণের মতামত গ্রহণের লক্ষ্যে গত ২৮/০৫/২০১৪ খ্রিঃ তারিখ একটি মত বিনিময় সভা আয়োজন করা হয়। সভায় উপস্থিত ব্যক্তিবর্গ ও পরিষদের সদস্যদের শর্ত ও প্রস্তাবসমূহ বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় পরিবর্তন আনয়ন করে ঐ দিনেই পরিষদ সভায় উক্ত বাজেট পাশ করা হয়।

এখানে উল্লেখ্য যে, বেতাগী উপজেলা পরিষদের ২০১৫-২০১৬ অর্থ বৎসরের রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে টাকা ৯৩,৪২,০০০/- এবং ব্যয় ৯২,৫৪,৩৭৬/- উন্নয়ন আয়ের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৩,২৬,০০,০০০/- টাকা এবং ব্যয় ধরা হয়েছে ৩,২৬,০০,০০০/- টাকা। মোট প্রাপ্তি (৯৩,৪২,০০০/- + ৩,২৬,০০,০০০/-) = ৯৬,৬৮,০০০/- এবং ব্যয় (৯২,৫৪,৩৭৬+৩,২৬,০০,০০০/-) = ৯৫,৮০,৩৭৬/- টাকা। উন্নয়ন বাজেটের প্রধান উৎস্যা জাতীয় সরকারের এডিপি সহায়তা এবং ইউজেডজিপি খাত হতে প্রাপ্ত অর্থ।

এখানে আরো উল্লেখ্য যে, বেতাগী উপজেলা পরিষদ চলতি অর্থ বৎসর থেকে পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রনয়ণ ও বাস্তবায়ন করতে যাচ্ছে। উক্ত পরিকল্পনায় পরিষদের উন্নয়ন বরাদ্দ ছাড়াও হস্তান্তরিত বিভাগসমূহের জাতীয় সরকারের অর্থায়নে উন্নয়ন কর্মকান্ড অন্তর্ভুক্ত করা হবে। উপজেলা পরিষদের বাজেট বহির্ভূত হস্তান্তরিত বিভাগসমূহের রাজস্ব ও ব্যয়ের হিসাবে উপজেলায় সর্বমোট তারল্য প্রবাহের চিত্র পরিশিষ্ট-১ ও পরিশিষ্ট-২ এ অবহিত করণের লক্ষ্যে উপস্থাপন করা হয়।


(আবদুল্লাহ আল বাকী)
উপজেলা নির্বাহী অফিসার
বেতাগী, বরগুনা।


(মোঃ শাহজাহান কবির)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বেতাগী, বরগুনা।